



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা

...

সভাপতি	দেওয়ান মাহবুবুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২২ ফেব্রুয়ারি ২০২৩
সভার সময়	বেলা ১:৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নোয়াখালী
উপস্থিতি	সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বর্তমানে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে সভাপতি জেলা ও উপজেলা কমিটির সদস্যদেরকে কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে অধিকতর তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন এবং গুরুত্বারোপ করে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালীকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির সভা আহ্বানঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির প্রতি মাসে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং আবশ্যিকভাবে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।

সিদ্ধান্তঃ

১.১) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা কমিটির সভা আহ্বানঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা কমিটির প্রতি মাসে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং আবশ্যিকভাবে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকটে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্তঃ

২.১) কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা কমিটি'কে প্রতিমাসে কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত কমিটির মাসিক সভা আয়োজন করে সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকট পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণঃ

কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে অধিকতর তৎপর হওয়ার জন্য জেলা ও উপজেলা কমিটিকে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে সেই অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়।

৩.১)সিদ্ধান্তঃ

স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে তা নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতঃ উর্ধ্বতন অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ , সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান:

কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটি ইতঃপূর্বে গঠন করা হয়েছে। এই কমিটির প্রধান উদ্দেশ্য হচ্ছে প্রচার-প্রচারণার মাধ্যমে কিশোর-কিশোরীদের সাইবার বুলিং ও সাইবার অপরাধ সম্পর্কে সচেতন করার মাধ্যমে সম্পূর্ণভাবে অনলাইনে হয়রানি মুক্ত করা। তাছাড়া প্রতিটি কিশোর-কিশোরীদের জন্য নিরাপদ ইন্টারনেট নিশ্চিত করা।

সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলিং এর শিকার কিশোর-কিশোরীরা যেন যথাসময়ে যথোপযুক্ত সহায়তা পায় তা নিশ্চিত করা এবং সাইবার অপরাধ ও সাইবার বুলিং বিষয়ে প্রচার-প্রচারণা চালিয়ে সচেতনতা বাড়ানোর উপর সভাপতি গুরুত্বারোপ করেন।

সভায় বক্তারা সাইবার অপরাধ এবং কিশোর-কিশোরীদের ওপর এর প্রভাব সাইবার বুলিং, অনলাইন যৌন হয়রানি, সাইবার অপরাধ ইত্যাদির ফলে সৃষ্ট প্রভাব নিয়ে আলোচনা করেন।

সিদ্ধান্তঃ

৪.১) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলিং এর শিকার কিশোর-কিশোরীরা যেন যথাসময়ে যথোপযুক্ত সহায়তা পায় তা নিশ্চিত করা এবং সাইবার অপরাধ ও সাইবার বুলিং বিষয়ে প্রচার-প্রচারণা চালিয়ে সচেতনতা বাড়ানোর ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের কাছে বিজ্ঞপ্তি, লিফলেট, সেমিনার, সিম্পোজিয়াম, সভা সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) নতুন সদস্য কো-অপ্টঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কমিটির সদস্যরা প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

সিদ্ধান্তঃ

৫.১) কমিটির সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত ২ জন সদস্যকে জেলা কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) সহকারী কমিশনার , আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।

খ) তাসনিয়া তাহসিন, জেলা প্রতিনিধি, জেলা সাইবার টিনস, নোয়াখালী।

পরিশেষে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.০৬.০০১.২৩.৩৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯

১৩ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) উপ-নিয়ন্ত্রক (উপসচিব), সিসিএ কার্যালয়, ও সদস্য সচিব, সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৪) গোপনীয় সহকারী, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী [অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর সদয় অবগতির জন্য]
- ৫) অফিস কপি



দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক